দৈনিক ইত্তেফাক

তারিখ 02 JAN 1993
পৃষ্ঠা ২ কলাম ৬

# কৃতকার্য কৃতী ছাত্র-ছাত্রীদের বৃত্তির টাকা প্রদানে অনিয়ম

বর্তমান সরকার শিক্ষাখাতে সর্বোচ্চ ব্যয় বরাদ্দ করিয়াছে। অথচ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত ১৯৯০ সালের এস এস সি পরীক্ষায় কৃতকার্য কৃতী ছাত্র-ছাত্রীদেরকে প্রতিশ্রুত বৃত্তির টাকা ১৯৯২ সালের শেষ নাগাদও প্রদান করা হয় নাই।

উল্লেখ্য, বিজ্ঞান ও মানবিক বিভাগে মেধা অনুযায়ী ১ম গ্রেড (৫,৯০০/-) এবং ২য় গ্রেড (২,০০০/-) এবং জেলাভিত্তিক বৃত্তি প্রদান করা হয়। কলেজে ভর্তির পর দুই কিস্তিতে প্রতিশ্রুত টাকার ১ম কিস্তি প্রদান করা হয়। এ টাকার কিয়দংশ পাঠ্যপুস্তক ক্রয় এবং বাকী অংশে অন্যান্য খরচ দেখানো হইয়াছে।

কলেজের ২য় বর্ষে উক্ত ২য়

দয়া বা অনুগ্রহ নয়, বরঞ্চ ছাত্র-ছাত্রীদের মেধার মূল্যায়নের জন্য আমাদের প্রাপ্য উক্ত বৃত্তির টাকা অবিলম্বে প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষের নিকট একান্ত আবেদন।

—গাজী রাহাত মাহমুদ (সবুজ)
(সম্মিলিত মেধাতালিকায় মানবিক বিভাগে ঢাকা বোর্ডে ২য় স্থান, ১৯৯০), ঢাকা কলেজ।